

যুগান্তর

জেএসসি-জেডিসি পরীক্ষা

নতুন করে জিপিএ-৫ পেল আরও ৯৫৪ শিক্ষার্থী

পাস করল ফেল করা ৫২৪ জন

প্রকাশ : ২৫ জানুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



জেএসসি ও জেডিসি পরীক্ষার পুনঃনিরীক্ষণের ফল বৃহস্পতিবার প্রকাশ করা হয়েছে। এতে ৮টি শিক্ষা বোর্ডে নতুন করে ৯৫৪ শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। ৫২৪ ফেল করা শিক্ষার্থী পাসের মুখ দেখেছে।

৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে গত নভেম্বরে এ দুটি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। ২৪ ডিসেম্বর ওই পরীক্ষার ফল প্রকাশ করা হয়।

পুনঃনিরীক্ষার ফলে

করে ৫৪৬ পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। ফল পরিবর্তন হয়েছে ১ হাজার ৮৫০ পরীক্ষার্থীর। এর মধ্যে ফেল করা ১৮৭ পরীক্ষার্থী পাস করেছে। যশোর শিক্ষা বোর্ডে নতুন করে ৫৭ পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। এর মধ্যে ফেল করা ৫৫ জন পরীক্ষার্থী পাস করেছে। চট্টগ্রাম শিক্ষা বোর্ডে নতুন করে ১০৩ পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। ফল পরিবর্তন হয়েছে ২৯৩ পরীক্ষার্থীর। এর মধ্যে ফেল করা ২৩ পরীক্ষার্থী পাস করেছে।

দিনাজপুর শিক্ষা বোর্ডে ৭৭ পরীক্ষার্থী নতুন করে জিপিএ-৫ পেয়েছে। পাস করেছে ফেল করা ৫৯ পরীক্ষার্থী। ফল পুনঃনিরীক্ষণে গ্রেড পরিবর্তন হয়ে জিপিএ-৫ পেয়েছে ৭৭ জন। বরিশাল শিক্ষা বোর্ডে নতুন করে ৩৮ পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। ফল পরিবর্তন হয়েছে ৮৯ পরীক্ষার্থীর। এর মধ্যে ফেল করা ১৩ জন পরীক্ষার্থী পাস করেছে। ফল পুনঃনিরীক্ষণে গ্রেড পরিবর্তন হয়ে জিপিএ-৫ পেয়েছে ৩৮ জন এবং বিভিন্ন গ্রেডে ৮৯ জনের ফল পরিবর্তন হয়েছে। কুমিল্লা শিক্ষা বোর্ডে নতুন করে ৭৮ পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। ফল পরিবর্তন হয়েছে ৩৮৩ পরীক্ষার্থীর। এর মধ্যে ফেল করা ৫২ জন পরীক্ষার্থী পাস করেছে।

সিলেট শিক্ষা বোর্ডে নতুন করে ৩১ পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। ফল পরিবর্তন হয়েছে ১৪০ পরীক্ষার্থীর। এর মধ্যে ফেল করা ৩৭ পরীক্ষার্থী পাস করেছে। সন্ধ্যা ৭টায় এ রিপোর্ট লেখাকালে রাজশাহী শিক্ষা বোর্ডের ফল পাওয়া যায়নি। জেডিসি পরীক্ষায় নতুন করে ২৪ পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে। এর মধ্যে ফেল করা ৯৮ পরীক্ষার্থী পাস করেছে। আর ফল পরিবর্তন হয়েছে ৫৮ শিক্ষার্থীর।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।